DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 07:32 PM

প্রবাস

কুয়েতে ভারতীয় চালকের বাস চাপায় বাংলাদেশি চালক নিহত

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

কুয়েতের জিলিব আল শুয়ুখে দুই বাসের চাপায় পড়ে এক বাংলাদেশি বাস চালক নিহত হয়েছেন। গতকাল শুক্রবার (১৪ আগস্ট) এ ঘটনা ঘটে। আর তাকে চাপা দেওয়া বাসটিতে ছিলেন এক ভারতীয় চালক।

সংবাদমাধ্যম আরব টাইমস অনলাইন জানিয়েছে, ওই বাংলাদেশি চালক তার বাসটিতে রটিন পরীক্ষা করছিলেন। তিনি এক পর্যায়ে তার বাসের সামনের অংশে যান। তখন তার বাসের সামনে দাঁড়ানো আরেকটি বাস হঠাৎ করে পেছন দিকে চলে আসে। আর এতে করে দুই বাসের মধ্যে চাপা পড়েন তিনি। এ ঘটনায় গুরুতর আহত হওয়ার পর তাকে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু ততক্ষণে বাংলাদেশি চালকের প্রাণ চলে যায়।

সংবাদমাধ্যমটি নিহত বাংলাদেশি চালকের নাম প্রকাশ করেনি। শুধু জানিয়েছে এ বাংলাদেশি ১৯৭৬ সালে জন্মগ্রহণ করেন।

অপরদিকে যে বাসটি পেছন দিকে এসে তাকে চাপা দেয় সেটি চালাচ্ছিলেন এক ভারতীয়। তার নামও প্রকাশ করেনি সংবাদমাধ্যমটি। শুধু বলেছে এ ভারতীয়র জন্ম হয়েছিল ১৯৮১ সালে।

কীভাবে এ ঘটনা ঘটল সেটির কারণ খুঁজে বের করতে তদন্ত করা হচ্ছে এবং এ নিয়ে পুলিশ স্টেশনে একটি মামলাও হয়েছে। আরও তদন্তের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে মামলাটি রেফার করা হয়েছে।

সূত্র: আরব টাইমস অনলাইন

এ বিভাগের আরও খবর



দীর্ঘ ৪ বছর বন্ধ থাকার পর বাংলাদেশিদের জন্য খুললো মালয়েশিয়ার শ্রমবাজার

অবশেষে চালু হয়েছে মালয়েশিয়ার শ্রমবাজার। দীর্ঘ প্রায় ৪ বছর বন্ধ থাকা শ্রমবাজারটি আনুষ্ঠানিক ঘোষণা ছাড়াই নীরবে খুলে গেল বাংলাদেশিদের জন্য।&nbs...



কাতারে সড়ক দুর্ঘটনায় প্রবাসী বাবুল আহমেদ নিহত

কাতার লুসাইল এরিয়ায় এক সড়ক দুর্ঘটনায় মারা গেছেন কাতার প্রবাসী বাবুল আহমেদ। কাতারের স্থানীয় সময় গতকাল (বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর) রাত ৮টায় এ...



মালয়েশিয়ায় অভিযানে ৫৭ হাজারের বেশি অবৈধ অভিবাসী আটক

চলতি বছরের ১৭ সেপ্টেম্বর পর্যন্ত মালয়েশিয়াজুড়ে অভিযান চালিয়ে ৫৭ হাজারের বেশি অবৈধ অভিবাসীকে আটক করেছে দেশটির অভিবাসন বিভাগ (জেআইএম)। এ সময়ে...



মালয়েশিয়ার বন্ধ শ্রমবাজার স্বচ্ছ প্রক্রিয়ায় চালুর কাজ চলছে: প্রবাসী কল্যাণ সচিব

মালয়েশিয়ার বন্ধ থাকা শ্রমবাজার স্বচ্ছ ও সুশৃঙ্খল প্রক্রিয়ায় পুনরায় চালুর লক্ষ্যে সরকার কাজ করছে বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মস...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/probash/kuyete-bhartiy-chalker-bas-chapay-bangladeshi-chalk-niht